



২০২২-২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি: জনাব মোঃ আসাদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর ও আহবায়ক, জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটি, নাটোর জেলা।

স্থান: নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর।

তারিখ: ২০/০২/২০২৩

সময়: বিকেল ৩.০০ ঘটিকা।

সভার উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হল:

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য বিষয় অনুযায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ আঃ হালিম, সহকারী প্রকৌশলী নাটোর-২ কে আলোচনা করার জন্য আহবান জানান। তারপর জনাব মোঃ আঃ হালিম আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরু করেন।

### আলোচ্য বিষয়:

১. বিগত সভার সিদ্ধান্ত সমূহ পর্যালোচনা।
২. ফাইল সংরক্ষণ।
৩. সর্ভিসবুক ও ব্যক্তিগত ফাইল হালনাগাদ করণ।
৪. পরিদর্শন বই খোলা।
৫. অফিসের সময় সূচি।
৬. সকল কর্মকর্তা-কর্মচারীর দায়িত্ব ও কর্মবন্টন ও সূচক অনুযায়ী মূল্যায়ন।
৭. PIMS -এ তথ্য হালনাগাদ।
৮. আইডিকার্ড তৈরীর ব্যবস্থাকরণ ও বিবরণ।

কমিটির সদস্য সচিব জনাব মোঃ আঃ হালিম আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরু করেন এবং উক্ত বিষয়ে সকলকে আলোচনায় অংশ গ্রহণের জন্য আহবান করেন।


আলোচনা শেষে বিগত সভার সিদ্ধান্তসমূহ নিম্নোক্তভাবে বাস্তবায়িত হয়:

১. নৈতিকতা কমিটির সভা যথা সময়ে অনুষ্ঠিত হয়েছে।
২. নৈতিকতা কমিটির কার্যক্রম সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সবিস্তারিত অবহিত করা হয়েছে।
৩. তিনজন সদস্য যথাক্রমে (ক) জনাব মোঃ সানোয়ার হোসাইন, সহকারী প্রকৌশলী-৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর (খ) জনাব, মোছাঃ সুরাইয়া হাসি, সহকারী প্রকৌশলী-১, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর এবং (গ) জনাব মোঃ আতাউর আমিন, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর কে নৈতিকতা কমিটিতে co-opt সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

অতঃপর সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত নতুন সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) অফিসের সকল ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- (২) সকল কর্মকর্তা-কর্মচারীর সার্ভিসবুক ও ব্যক্তিগত নথি আগামী ৩০/০৩/২০২৩ইং এর মধ্যে ফাইল হালনাগাদ করণ।
- (৩) সেবা গ্রহিতাগণের জন্য পরিদর্শন বই খোলা।
- (৪) অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান করতে হবে।
- (৫) নৈতিকতা কমিটির মাধ্যমে সকল কর্মকর্তা-কর্মচারীর কর্মদক্ষতা ও সেবা প্রত্যাশী অংশীজনের সাথে <sup>গোপন</sup>ব্যবহার মূল্যায়ন প্রক্রিয়া চালু করতে হবে।
- (৬) সকল কর্মকর্তা-কর্মচারীর দায়িত্ব ও কর্তব্য যথাসময়ে যথাযথভাবে পালন করতে হবে।
- (৭) সকল কর্মকর্তা-কর্মচারীর PIMS -এ তথ্য হালনাগাদ করতে হবে।
- (৮) সকল কর্মকর্তা-কর্মচারীর আইডিকার্ড নিশ্চিত করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আসাদুজ্জামান  
নিবাহী প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর  
ও  
আহবায়ক  
জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটি,  
নাটোর জেলা।